

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ শাখা-০৪
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০১৯.০০৯.১৭/১৮৯০

০৮ পৌষ ১৪২৬
তারিখ: ২৩ ডিসেম্বর ২০১৯

আদেশ

বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব সৈয়দ জাফর আলী (১৭৪১), উপ-পরিচালক (মূলপদ: সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান), পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা-কে মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা-এ অধ্যক্ষ পদে চাকরি করার লক্ষ্যে নিম্নোক্ত শর্তে ২৩.১২.২০১৯ তারিখ হতে ০৪(চার) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৪(চার) বছরের লিয়েন মঞ্জুর করা হলো।


শর্তসমূহ:

- ক) লিয়েনকালীন তিনি সরকার কর্তৃক নির্ধারিত যৌথ বীমা তহবিল, কল্যাণ তহবিল, ভবিষ্যত তহবিল, লিভ স্যালারি কন্ট্রিবিউশন এবং অন্যান্য চাঁদা সরকারি খাতে জমা প্রদান করবেন। এছাড়া গৃহীত অগ্রিমের/ঋণের কিস্তিও (যদি থাকে) জমা প্রদান করবেন;
- খ) লিয়েন শেষ হওয়ার পর যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-তে যোগদান করতে হবে;
- গ) লিয়েনকালীন তিনি সরকারের কোন বেতন-ভাতাদি গ্রহণ এবং ছুটি ভোগ করতে পারবেন না;
- ঘ) মোট লিয়েনকালীন সময় যদি একনাগাড়ে ০৫(পাঁচ) বছর অতিক্রম করে তবে ০৫(পাঁচ) বছর অতিক্রমের তারিখ হতে সরকার বিশেষ বিবেচনায় অন্যরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ না করলে বাংলাদেশ সার্ভিস রুলস (বিএসআর) ১ম খন্ডের বিধি-৩৪ অনুযায়ী তার সরকারি চাকুরির অবসান হবে এবং এই চাকুরির সাথে তার সকল সম্পর্ক স্বয়ংক্রিয়ভাবে ছিন্ন হবে;
- ঙ) লিয়েনকালীন তিনি নিজের জন্য বা পরিবারের জন্য সরকারিভাবে চিকিৎসা ভাতা গ্রহণ করতে পারবেন না;
- চ) মঞ্জুরকৃত লিয়েন শেষে ০৭(সাত) দিনের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে; অন্যথায় তার অনুপস্থিতির সময়কালকে অননুমোদিত অনুপস্থিত বিবেচনায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ছ) লিয়েনকালীন তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন;
- জ) নিয়োগকারীর সংস্থার সাথে তার চাকুরির শর্তের অথবা দেনা পাওনার ব্যাপারে সরকারের কোন দায়-দায়িত্ব থাকবে না;
- ঝ) লিয়েনকালীন লিয়েন সংক্রান্ত অন্যান্য প্রচলিত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

০২। উল্লেখ্য, উপরোক্ত শর্তসমূহ এবং অঙ্গীকারনামা ভঙ্গের কারণে তার মঞ্জুরকৃত লিয়েন বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মুর্শিদা শারমিন)

উপসচিব

ফোন-৯৫৭০৬৬৩


মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০১৯.০০৯.১৭/১৮৯০

০৮ পৌষ ১৪২৬
তারিখ: ২৩ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মাননীয় মন্ত্রির একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) মাননীয় উপমন্ত্রির একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৫) জনাব.....
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....
- ৯) অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) অফিস কপি।


(মুর্শিদা শারমিন)
উপসচিব